

১নং ঘোষণাপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়

ডাকঘর : খামারপাড়া, উপজেলা : বোয়ালমারী, জেলা : ফরিদপুর।

স্মারক নং ঘোষণা/ইউপি- /২০২৩ /

তারিখ : ১৯/১১/২০২৩খ্রি:

ইউনিয়ন মাসিক সভার কার্যবিবরণীঃ

সভার স্থান : ঘোষণাপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়

সভার তারিখ : ০২-১১-২০২৩খ্রিঃ রোজ সোম বার।

সময় : সকাল ১০.০০ টা

উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর :

ক্রমিকনং	উপস্থিত সদস্যদের নাম	পদবী	পদবী	স্বাক্ষর
১.	জনাব মোঃ ইমরান হোসেন	ইউ.পি চেয়ারম্যান	সভাপতি	স্বাক্ষরিত
২.	জনাব সাবিনা বেগম	স:ম: সদস্য - ০১	সদস্য	স্বাক্ষরিত
৩.	জনাব মোছাঃ ফেরদৌসি খানম	স:ম: সদস্য - ০২	সদস্য	স্বাক্ষরিত
৪.	জনাব মোছাঃ আয়শা বেগম	স:ম: সদস্য - ০৩	সদস্য	স্বাক্ষরিত
৫.	জনাব ফুল মিয়া	সদস্য ০১ নংওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
৬.	জনাব মোঃ ফিরোজ মোল্যা	সদস্য ০২ নংওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
৭.	জনাব মোঃ সেলিম হোসেন	সদস্য ০৩ নংওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
৮.	জনাব মোঃ কামরুল ইসলাম	সদস্য ০৪ নংওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
৯.	জনাব মোঃ জিয়াউর রহমান	সদস্য ০৫ নংওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
১০.	জনাব নান্নু মিয়া	সদস্য ০৬ নংওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
১১.	জনাব মোঃ দেলোয়ার হোসেন	সদস্য ০৭ নংওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
১২.	জনাব মোঃ সামচুজ্জামান	সদস্য ০৮ নংওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
১৩.	জনাব তপন কুমার সরকার	সদস্য ০৯ নংওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত

সভাপতিত্ব করেনঃ জনাব মোহাম্মদ ইমরান হোসেন, চেয়ারম্যান, ঘোষণাপুর ইউনিয়ন পরিষদ, বোয়ালমারী, ফরিদপুর।

আলোচ্যসূচীঃ

- গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন প্রসঙ্গে।
- হাটবাজার ইজারা লব্ধ ১০% ও ১৫% টাকার প্রকল্প নিয়ে আলোচনা।
- ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য মাতৃভাতা অক্টোবর/২০২৩ মাসের মাতৃ ভাতা সম্পর্কে ব্যাপক আলোচনা।
- বিবিধ

১নং ঘোষণাপত্র ইউনিয়ন পরিষদ কার্যালয়

ডাকঘর : খামারপাড়া, উপজেলা : বোয়ালমারী, জেলা : ফরিদপুর।

আলোচনা ও সিদ্ধান্তঃ

১। অধ্যকার সভার সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতি ক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং এর বিরুদ্ধে কোন প্রকার ওজর আপত্তি না থাকায় তা সর্ব সম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

২। সভায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে অবগত করার যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে হাটবাজার ইজারা লক্ষ ১০% বাবদ (দুই লক্ষ) ২,০০,০০০/- টাকা এবং ১৫% বাবদ সম্ভব্য (দশ লক্ষ) টাকার প্রকল্প ও বাস্তবায়ন সম্পর্কে ব্যাপক আলোচনা করা হয়। সভাপতি সাহেব বলেন হাট বাজার ইজারা লক্ষ ১০% টাকা দিয়ে ৩নং ওয়ার্ডের খামারপাড়া পান্না মিয়াবাজার বাড়ীর পাশ হতে ফকির বাড়ী হয়ে কুমোড়দার বিল অভিমুখে মাটির রাস্তা পুনঃ নির্মাণ অত্যন্ত জরুরী বিধায় তিনি সকল সদস্যকে অনুরোধ করেন এবং সকল ইউপি সদস্যর সপক্ষে হতে, ২নং ওয়ার্ডের ইউপি সদস্য মোঃ ফিরোজ মোল্যা বলেন ১৫% টাকা দিয়ে ভীমপুর বাজার, গোহাইলবাড়ী বাজার এবং হাই বাজারের উন্নয়ন প্রয়োজন উক্ত প্রস্তাবটি সকল সদস্যসহ মোঃ দেলোয়ার মেম্বার এবং তপন কুমার সরকার জোর সমর্থন করেন এবং সকল সদস্যকে আলোচনা করে প্রকল্প চূড়ান্ত করার জন্য বলেন। মোঃ ফিরোজ মোল্যা ভীমপুর বাজারের চান্দঘর সংস্কার করণ বাবদ ১,৫০,০০০/- টাকা, ভীমপুর বাজারের টয়লেট সংস্কার ও দুইটি নলকূপ স্থাপন বাবদ ১,৫০,০০০/- টাকার প্রস্তাব বোধ করেন। মোঃ দেলোয়ার হোসেন ইউপি সদস্য ৭নং ওয়ার্ড প্রস্তাব করেন গোহাইল বাড়ী বাজারের এইচবিবি রাস্তা সংস্কার করণ বাবদ ১,০০,০০০/- টাকা, চান্দঘর সংস্কার করণ বাবদ ২,০০,০০০/- টাকা এবং বাজারের ড্রেন ও টয়লেট সংস্কার করণ বাবদ ২,০০,০০০/- টাকার প্রস্তাব করেন। ৯নং ওয়ার্ডের ইউপি সদস্য তপন কুমার সরকার বলেন লংকারচর হাইবাজারের দুই পাশে ফ্লাট সোলিং রাস্তা সংস্কার করণ ও ১টি নলকূপ স্থাপন করা অতি জরুরী। সভায় বিস্তারিত আলাপ-আলোচনার পর ইউপির সকল সদস্যের সম্মতনে স্থায়ী সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

৪। ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য মাতৃভাতা নভেম্বর/২০২৩ মাসের জন্য উপকার ভোগী নির্বাচন করা প্রয়োজন। এই ব্যাপারে সভাপতি সাহেব বলেন প্রতি মাসের ন্যায় নভেম্বর/২০২৩ মাসে মাত্র আট মাতৃভাতা আমাদের ইউনিয়ন হতে তালিকা উপজেলায় অনুমোদনের জন্য দিতে পারব। তিনি উপস্থিত সকল সদস্যকে অবগত করেন যে, আপনারা প্রত্যেক ওয়ার্ড হতে দুঃস্থ ও অসহায় লোককে নির্বাচন করবেন এবং যে সমস্ত মহিলা নভেম্বর/২০২৩ মাসে গর্ভকাল চার মাস হতে ছয় মাস তাদের নির্বাচন করার জন্য অনুরোধ করেন তিনি আরও বলেন বয়সসীমা ২০ থেকে ৩৫ বছর পর্যন্ত হতে হবে, পরিবার পরিকল্পনা অধিদপ্তর হতে গর্ভকালীন সেবা (ANC) কার্ড ও ডাক্তার মাহমুদ কর্তৃক মাতৃভাতা সনদ থাকতে হবে, এই ভাতা ১ম ও ২য় সন্তানের ক্ষেত্রে পাবে এবং শুধু মাত্র ঘোষণাপত্র ইউপির জনগন এই সুবিধা পাবেন চেয়ারম্যান সাহেব সবাইকে অবগত করে বলেন অক্টোবর/২০২৩ মাসে অনলাইন আবেদন করতে হবে এবং প্রতি মাসে ৬টি আবেদন চূড়ান্ত ভাবে যাচাই বাচাই প্রক্রিয়া সম্পূর্ণ করে উপজেলায় ২২/১১/২০২৩ইং তারিখের মধ্যে স্বশরীরে আবেদনকারী আবেদন নিয়ে যেতে হবে। এ ব্যাপারে সভায় ব্যাপক আলাপ আলোচনা করে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর আর কোন আলাপ আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ ইমরান হোসেন)

চেয়ারম্যান

১নং ঘোষণাপত্র ইউনিয়ন পরিষদ,
বোয়ালমারী, ফরিদপুর।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইল :

১। উপ পরিচালক স্থানীয় সরকার শাখা, ফরিদপুর।

২। উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালমারী, ফরিদপুর।

৩। জনাব সদস্য, মাসিক সভা কমিটি (সকল)।

৪। নোটিশ বোর্ড।

৫। অফিস নথি।

(মোহাম্মাদ রিবুল হোসেন)

সচিব

১নং ঘোষণাপত্র ইউনিয়ন পরিষদ,
বোয়ালমারী, ফরিদপুর।